# সম্ভাব্য নির্যাতন, অবহেলা, শোষণ বা ক্ষতির ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্কদের নিরাপদ রাখতে সহায়তা

## আমি কার সঙ্গে কথা বলব / কী করব?

- যদি আপনাকে নির্যাতন করা হয়, তবে আপনার বিশ্বাসযোগ্য কাউকে তা বলুন
- যদি আপনি কারও সম্পর্কে উদ্বিগ্ন হন, তাহলে কীভাবে সহায়তা করতে পারেন তা জানুন
- যদি আপনি কঠিন পরিস্থিতিতে কারোর দেখভাল করেন, তাহলে দ্রুত সোশ্যাল সার্ভিসেস বা কেয়ারার্স অর্গানাইজেশন-এর থেকে সহায়তা নিন
- যত দ্রুত সম্ভব আপনার উদ্বেগের কথা জানান – প্রদত্ত যোগাযোগের বিশদ দেখুন
- যদি আপনাকে নির্যাতন করা হয়, তাহলে আপনার বিশ্বাসযোগ্য কাউকে তা বলুন অথবা কাউন্সিলের ফার্স্ট কন্ট্যাক্ট টিমকে কল করুন **020 8708 7333** অথবা **020 8553 5825** নম্বরে (সন্ধ্যা, সপ্তাহান্ত এবং সরকারি ছুটির দিনে)

## আমার উদ্বেগ জানালে কী হবে?

আমরা আপনার উদ্বেগকে গুরুত্ব সহকারে গ্রহণ করব। যদি কেউ বিপদে থাকে, তাহলে তাদের নিরাপত্তা নিশ্চিত করাকেই সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে।

যার সম্পর্কে উদ্বেগ জানানো হয়েছে, তাকে সকল সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়ায় যুক্ত করা হবে এবং এ বিষয়ে আলোচনা করতে তাকে মিটিং-এ অংশ নিতে আমন্ত্রণ জানানো হবে। সে তার প্রতিনিধি/উকিলকে সঙ্গে নিয়ে এই মিটিংগুলোতে অংশ নিতে পারবে।

প্রশিক্ষিত কর্মীরা সংবেদনশীলভাবে অনুসন্ধান বা মূল্যায়ন করবেন, যাতে আপনাকে বা যার সম্পর্কে উদ্বেগ জানানো হয়েছে তাকে সর্বোত্তমভাবে কীভাবে সহায়তা করা যায় তা নির্ধারণ করা যায়।

প্রদত্ত সহায়তা এবং যা করা হবে তা পরিস্থিতি এবং অনুসন্ধান বা মূল্যায়নের ফলাফলের ওপর নির্ভর করবে।

যারা কাউকে দেখাশোনা করছেন এবং তার ক্ষতি হতে পারে বলে উদ্বিগ্ন, এমন পরিচর্যাকারীদেরকেও সহায়তা দেওয়া হবে।

## সাহায্য নেওয়া

নিজের বা যাকে নিয়ে আপনি চিন্তিত বোধ করছেন, তার সম্পর্কে যেকোনো উদ্বেগ থাকলে যত দ্রুত সম্ভব তা জানিয়ে দিন

### প্রথম যোগাযোগের দল

সোমবার থেকে শুক্রবার, 09.00 থেকে 17.00

**020 8708 7333**

ইমেইল: adults.alert@redbridge.gov.uk

### ইমারজেন্সি ডিউটি টিম

সন্ধ্যেবেলা 17:00 থেকে, সপ্তাহান্তে এবং সরকারি ছুটির দিনে

**020 8553 5825**

### পুলিশ

**নন-ইমারজেন্সি 101**

ইমারজেন্সির সময় ডায়াল করুন **999**

### সামারিটান্স

**116 123** (ফ্রি কল)

### রিচ আউট সার্ভিস

গার্হস্থ্য নির্যাতনের ক্ষেত্রে সহায়তার জন্য

**0800 1456410**

ইমেইল: reachout@redbridge.gov.uk

অথবা কর্মসময় ব্যতীত অন্য সময়ে কল করুন


**Refuge**-কে **0808 2000 247 নম্বরে**

**আরও তথ্য, পরামর্শ এবং যোগাযোগের নম্বর নিম্নলিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে:**

**www.redbridge.gov.uk**

Redbridge Safeguarding Adults

## রেডব্রিজ সেফগার্ডিং অ্যাডাল্টস বোর্ড



# রেডব্রিজে সেফগার্ডিং অ্যাডাল্টস – একসঙ্গে আমরা নির্যাতন বন্ধ করতে পারি

সম্ভাব্য নির্যাতন, অবহেলা, শোষণ বা ক্ষতির ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্কদের নিরাপদ রাখতে সহায়তা

NHS North East London

METROPOLITAN POLICE Working together for a safer London

NELFT NHS NHS Foundation Trust

London Borough of Redbridge





# মানুষকে নিরাপদ রাখার জন্য কাজ করা

প্রত্যেকেরই নিরাপদ বোধ করার এবং নির্যাতন, অবহেলা বা শোষণের ভয় ছাড়া জীবনযাপন করার অধিকার আছে। রেডব্রিজ সেফগার্ডিং অ্যাডাল্টস বোর্ড-এর সহযোগী সংস্থাগুলি, যার মধ্যে রয়েছে স্থানীয় কর্তৃপক্ষ, স্বাস্থ্য পরিষেবা এবং পুলিশ, সবাই মিলিতভাবে সেইসব প্রাপ্তবয়স্কদের জীবন আরও নিরাপদ রাখতে কাজ করছে যারা সবচেয়ে বেশি ক্ষতির ঝুঁকিতে রয়েছে।

নির্যাতন ঘটতে পারে তা সম্পর্কে সচেতন হবার মাধ্যমে আপনি এই কাজটিতে সহায়তা করতে পারেন। নির্যাতনের লক্ষণগুলির দিকে নজর রেখে এবং আপনার যে কোনও উদ্বেগের কথা জানিয়ে আপনি একটি বড় ভূমিকা পালন করতে পারেন।

## ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্ক কে?

**যে কোনও ব্যক্তি যিনি 18 বা তার বেশি বয়সী এবং:**

- কোনও প্রতিবন্ধকতা বা অসুস্থতার কারণে যার যত্ন ও সহায়তার প্রয়োজন; এবং
- যিনি নির্যাতন বা অবহেলার ভুক্তভোগী অথবা এগুলির ঝুঁকিতে রয়েছেন; এবং
- যার ফলস্বরূপ তিনি নিজেকে নির্যাতন বা অবহেলার ঝুঁকি থেকে সুরক্ষিত রাখতে অক্ষম।

## কারা নির্যাতন করে এবং এটি কোথায় ঘটে?

নির্যাতন যে কোনও স্থানে ঘটতে পারে – কারোর নিজের বাড়িতে, কেয়ার হোমে, কর্মস্থলে, ডে সেন্টারে অথবা হাসপাতালে। যে কেউ এমন আচরণ করতে পারে যা নির্যাতনমূলক। সব সময় সম্ভাব্য নির্যাতনের বিষয়ে সতর্ক থাকা আপনার জন্য গুরুত্বপূর্ণ।

# নির্যাতন কী?

নির্যাতন এমন কিছু যা কোনও ব্যক্তির ক্ষতি করে এবং এর মধ্যে রয়েছে:

**শারীরিক** এমন সবকিছু যা শারীরিক ক্ষতি করে, যেমন মারধর, ধাক্কা দেওয়া, ঝাঁকানো বা ওষুধের অপব্যবহার, জোরপূর্বক আটকে রাখা বা অনুপযুক্ত শারীরিক শাস্তি।

**পারিবারিক সহিংসতা বা নির্যাতন** যার মধ্যে রয়েছে মানসিক, শারীরিক, যৌন, আর্থিক বা আবেগজনিত নির্যাতন এবং তথাকথিত ‘সম্মানের জন্য’ করা সহিংসতা।

**যৌন নির্যাতন** যার মধ্যে রয়েছে এমন কোনও যৌন কার্যকলাপ যা উক্ত ব্যক্তি বুঝতে পারেন না বা চান না, এর মধ্যে যৌন শোষণও অন্তর্ভুক্ত।

**মানসিক বা আবেগজনিত নির্যাতন** চিৎকার-চেঁচামেচি, গালিগালাজ বা ভয় দেখানো যা একজনকে আতঙ্কিত বা অপমানিত অনুভব করায়। এর মধ্যে রয়েছে সাইবারবুলিং, অযৌক্তিকভাবে পরিষেবা বা সহায়তা বন্ধ করে দেওয়া।

**আর্থিক বা সম্পত্তি সংক্রান্ত** যার মধ্যে রয়েছে চুরি, জালিয়াতি, ইন্টারনেট স্ক্যামিং, কারও টাকা, ভাতা, সম্পত্তি (cuckooing, কোকিলের মতো), পেনশন, ব্যাংক অ্যাকাউন্ট বা অন্যান্য জিনিসপত্র বেআইনি বা অনুচিতভাবে ব্যবহার করা।

**আধুনিক দাসত্ব** এর মধ্যে রয়েছে দাসত্ব, মানব পাচার, বলপূর্বক শ্রম এবং গৃহস্থালির কাজ করিয়ে নেওয়া। যার ফলস্বরুপ একজনকে নির্যাতন ও অমানবিক জীবনের মধ্যে বেঁধে ফেলা হয়।

# রেডব্রিজ সেফগার্ডিং অ্যাডাল্টস বোর্ড

Redbridge Safeguarding Adults



**বৈষম্যমূলক নির্যাতন** যার মধ্যে জাতিগত, লিঙ্গভিত্তিক অথবা বয়স সংক্রান্ত, প্রতিবন্ধকতা, লিঙ্গপরিচয়, যৌন অভিমুখিতা বা ধর্মের ওপর ভিত্তি করে নির্যাতন অন্তর্ভুক্ত।

**প্রাতিষ্ঠানিক নির্যাতন** যার মধ্যে রয়েছে কোনও প্রতিষ্ঠান বা নির্দিষ্ট যত্ন পরিবেশের মধ্যে যেমন হাসপাতাল, কেয়ার হোম বা কারও বাড়িতে দেওয়া যত্নে অবহেলা ও নিম্নমানের সেবা।

**অবহেলা ও বাদ দেওয়া** যেখানে প্রয়োজনীয় সাহায্য, সহায়তা বা চিকিৎসা দেওয়া হয় না, যেমন খাদ্য, পানীয় বা চিকিৎসা না দেওয়া।

**আত্ম-অবহেলা** এর মধ্যে ব্যক্তিগত পরিচ্ছন্নতা, স্বাস্থ্য বা চারপাশের যত্ন না নেওয়ার বিভিন্ন ধরণের আচরণ অন্তর্গত।

**র‍্যাডিকালাইজেশন** যেখানে কোনও ব্যক্তি বা গোষ্ঠীকে এমন চরম রাজনৈতিক, সামাজিক বা ধর্মীয় বিশ্বাস গ্রহণে উৎসাহিত করা হয় যা তাদের ঝুঁকিতে ফেলতে পারে।

**মহিলা যৌনাঙ্গচ্ছেদ (ফিমেল জেনিটাল মিউটিলেশন, FGM)** চিকিৎসাগত কারণ ছাড়া নারীর বাহ্যিক যৌনাঙ্গের আংশিক বা সম্পূর্ণ অপসারণ।